রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ৩, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখঃ ২৯ ভাদ্র ১৪২৫ বঃ/১৩ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ

নং ৩০.০০.০০০০.০১৪.০৮.০০৭.২০০৩(অংশ-১)-৬৪৮—১২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখের বিপম/সিএ-২/কন-৭/২০০৩-৯১ মোতাবেক ICAO, Annex-9, Standard 8.19 প্রতিপালনের জন্য National Civil Aviation Security Committee গঠন করা হয়। গত ২৪ জুন ২০১৮ তারিখে অনুষ্ঠিত NATFC-এর ৩য় সভার সিদ্ধান্তের সুপারিশের আলোকে উক্ত কমিটি নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলোঃ

**National Air Transport Facilitation Committee of**

**The People`s Republic of Bangladesh**

(ক) দেশের বেসামরিক বিমান পরিবহন কার্যক্রম সহজীকরণের নিমিত্ত, আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচলের সাথে সম্পর্কিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ,সংস্থা, বিমানবন্দর ও বিমানসংস্থার মধ্যে সমন্বয় স্থাপনের উদ্দেশ্যে জাতীয় বিমান পরিবহন সহজীকরণ কমিটি (National Air Transport Facilitation Committee) পুনর্গঠন করা হলোঃ

(খ) কমিটি গঠন:

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | সভাপতি |
| ২. | যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব পর্যায়ের বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৩. | অতিরিক্ত মহাপরিচালক (পা ভি ও আই), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | সদস্য |
| ৪. | যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব পর্যায়ের পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৫. | যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব পর্যায়ের সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |

| | | |
|---|---|---|
| ৬. | যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব পর্যায়ের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৭. | যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব পর্যায়ের স্বাস্থ্য সেবা বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৮. | যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব পর্যায়ের কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৯. | যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব পর্যায়ের মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ১০. | যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব পর্যায়ের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ১১. | যুগ্ম-সচিব বা তদূর্ধ্ব পর্যায়ের ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর প্রতিনিধি, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ১২. | জাতীয় রাজস্ব বোর্ড (কাস্টমস) এর প্রতিনিধি | সদস্য |
| ১৩. | ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স্ লিঃ | সদস্য |
| ১৪. | সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | সদস্য |
| ১৫. | সদস্য/পরিচালক (এফএসআর), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | সদস্য |
| ১৬. | সভাপতি, এয়ারলাইন্স অপারেটিং কমিটি | সদস্য |
| ১৭. | ডিআইজি (ইমিগ্রেশন), স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ | সদস্য |
| ১৮. | সদস্য (নিরাপত্তা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | সদস্য-সচিব |

(গ) কমিটির কার্যপরিধি:

১. জাতীয় বিমান পরিবহন সহজীকরণ কর্মসূচি (National Air Transport Facilitation Programme) যথাযথ বাস্তবায়ন তদারকী করা;

২. আন্তর্জাতিক বিমান পরিবহন সেবার ক্ষেত্রে প্রয়োগযোগ্য ছাড়পত্রের আনুষ্ঠানিকতা সম্পর্কিত নীতির প্রশ্নাবলী পর্যালোচনা করা;

৩. আন্তর্জাতিক বিমানবন্দরসমূহের বিমানবন্দর সহজীকরণ কমিটি'র সুপারিশসমূহ পর্যালোচনা করা;

৪. জাতীয় বিমান পরিবহন সহজীকরণ কর্মসূচি (National Air Transport Facilitation Programme) সাথে সম্পৃক্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও প্রতিষ্ঠানের নিকট প্রয়োজনীয় সুপারিশ পেশ করা;

৫. দেশের বিমান পরিবহন কার্যক্রমকে অভ্যন্তরীণ অথবা আন্তর্জাতিক অঙ্গনে প্রভাবিত করে এমন কোন গুরুত্বপূর্ণ বিষয়সমূহ আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল ক্ষেত্রে সংগঠিত হলে, সে সম্পর্কে দেশের সংশ্লিষ্ট বিভাগ, কর্তৃপক্ষ ও প্রতিষ্ঠানকে অবগত করা;

৬. বিমান পরিবহন সহজীকরণ নীতি ও কার্যক্রমের খসড়া প্রনয়ণসহ অন্যান্য কর্মকান্ডের জন্য প্রয়োজনে উপ-কমিটি গঠন;

৭. সভাপতি কর্তৃক বছরে অন্তত ২ বার অথবা প্রয়োজন মোতাবেক সভা আহবান করা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রোকসিন্দা ফারহানা**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd